দৈনিক সংবাদ

তারিখ 24 FEB 1992
পৃষ্ঠা ২ কলাম ৩

প্রভোস্ট কমিটির সভা

# ক্যাম্পাসের পরিস্থিতি নিয়ন্ত্রণে পদক্ষেপ গ্রহণের অনুরোধ

(বিশ্ববিদ্যালয় সংবাদদাতা)

ঢাকা বিশ্ববিদ্যালয় প্রভোস্ট কমিটির সভায় বিশ্ববিদ্যালয়ের হলসমূহের অস্বাভাবিক পরিস্থিতি নিয়ন্ত্রণে পদক্ষেপ গ্রহণের জন্য বিশ্ববিদ্যালয়ের উপাচার্যের প্রতি অনুরোধ জানানো হয়েছে।

গতকাল রোববার এ সভা অনুষ্ঠিত হয়।

সভায় হলসমূহের আইন-শৃঙ্খলা পরিস্থিতি বিস্তারিত পর্যালোচনা করা হয়। সভায় বলা হয়, প্রভোস্ট কমিটি লক্ষ্য করছে যে, পুনরায় অবৈধ অস্ত্রশস্ত্র আমদানি এবং বহিরাগতদের আনাগোনার ফলে হল পরিস্থিতি স্বাভাবিক নয়। এ পরিস্থিতিতে প্রত্যেক হলের ছাত্র-নেতৃবৃন্দের সাথে আলাপ-আলোচনার মাধ্যমে যথোপযুক্ত ব্যবস্থা গ্রহণের জন্য হল প্রশাসনের প্রতি আহ্বান জানানো হয়। সভায় প্রভোস্টরা আশা প্রকাশ করেন যে, ছাত্ররা এমন কিছু করবে না যাতে পরিস্থিতির আরো অবনতি ঘটে।